

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৬০

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮৫. সালাতুল খওফ (ভীতিকালীন সালাত)

بَاب فِي صَلَاةِ الْخُوْفِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ الْأَنْصَارِيِّ عَنْ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ عَنْ صَالِحٍ بْنِ خَوَّاتٍ عَنْ سَهْلِ بْنِ أَبِي حَثْمَةَ فِي صَلَاةِ الْخَوْفِ قَالَ يُصلِّي بْنِ مُحَمَّدٍ عَنْ صَالِحٍ بْنِ خَوَّاتٍ عَنْ سَهْلِ بْنِ أَبِي حَثْمَةَ فِي صَلَاةِ الْخَوْفِ قَالَ يُصلِّي الْإِمَامُ بِطَائِفَةٍ وَطَائِفَةٌ مُوَاجِهَةُ الْعَدُوِّ فَيُصلِّي بِالَّذِينَ مَعَهُ رَكْعَةً وَيَذْهَبُ هَوُلاءِ إِلَى مَصَافِّ أَولَئِكَ فَيُصلِّي بِهِمْ رَكْعَةً وَيَقْضُونَ رَكْعَةً لِأَنْفُسِهِمْ

বাংলা

১৫৬০. সাহল ইবনু আবী হাছমাহ থেকে বর্ণিত, তিনি সালাতুল খাওফ (ভীতিকালীন সালাত) সম্পর্কে বলেন, ইমাম একদলকে নিয়ে সালাত আদায় করবেন এবং অপর দল শক্রর মুখোমুখি অবস্থানে থাকবেন। ফলে তিনি (ইমাম) তাঁর সঙ্গের লোকদের নিয়ে এক রাকা'আত সালাত আদায় করবেন এবং এরা (সালাত আদায়কারী দলটি) তাদের সাথী (যে দলটি এখনও সালাত আদায় করেননি)-দের কাতারের স্থানে চলে যাবে এবং তারা (যে দলটি এখনও সালাত আদায় করেননি) ইমাম তাদেরকে নিয়ে এক রাকা'আত সালাত আদায় করবেন। আর তারা (বাঁকী) এক রাকা'আত নিজে নিজে আদায় করে নিবেন।'[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, মাগাযী ৪১৩১; মুসলিম, সালাতুল মুসাফিরীন, ৮৪১।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২৮৮৫, ২৮৮৬ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল ইবনু আবূ হাসমা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন